যুগান্তর

তারিখ 01 NOV 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

# বরিশাল বিশ্ববিদ্যালয়ে আরও দুটি বিভাগ চালু

## ভর্তি পরীক্ষা ১৮ নভেম্বর

**বরিশাল ব্যুরো**

বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) চলতি শিক্ষাবর্ষ থেকে চালু হচ্ছে 'কোস্টাল স্টাডিজ অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট ও দর্শন' বিভাগ। ববি'র জনসংযোগ কর্মকর্তা স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়, স্নাতক (সম্মান) শ্রেণীর চলতি ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ওই দুই বিভাগে শিক্ষার্থীরা ভর্তি হতে পারবে। এ দুটি বিভাগ চালু হওয়ায় ববি'র বিভাগের সংখ্যা ২০-এ উন্নীত হয়েছে। আগামী ১৮ ও ১৯ নভেম্বর ববি'র ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার আবেদনের শেষ সময়সীমা ছিল ৩০ অক্টোবর। আগামী ১৮ নভেম্বর সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত 'খ' ইউনিটের, বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত 'গ' ইউনিটের ভর্তিচ্ছুকদের পরীক্ষা অনুষ্ঠিত হবে। 'ক' ইউনিটের পরীক্ষা হবে ১৯ নভেম্বর বেলা ১১ টায়। শেষ হবে বেলা সাড়ে ১২টায়। এবার ববিতে 'ঘ' ইউনিটের পরীক্ষা নেয়া হবে না। পরীক্ষার্থীদের ভোগান্তি লাঘবে পরীক্ষা নেবে না ববি কর্তৃপক্ষ। দেশের ৩৭টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে ববিতে সর্বপ্রথম এ সিদ্ধান্ত নিয়েছে। স্ব স্ব ইউনিটে পরীক্ষা দেয়া শিক্ষার্থীরা পরিবর্তন ফি জমা দিয়ে অন্য বিভাগের ইউনিটে ভর্তি হবে। বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীনে ২০ বিভাগের ১ হাজার ৩৫০টি আসন রয়েছে। এর বিপরীতে ২৪ হাজার ৩৯১ জন শিক্ষার্থী আবেদন করেছে। প্রতিটি আসনের বিপরীতে প্রতিযোগী ১৮ জন।